গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা

## প্রস্তাবিত অননুমোদিত প্রকল্পসমূহের অগগ্রতির ওপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভার স্থান : সম্মেলন কক্ষ (ভবন নং ৬, কক্ষ নং ১৪১৫), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভাপতি : জনাব মোঃ আমিনুল বর চৌধুরী, যুগ্ম-সচিব (পরিকল্পনা)।
তারিখ ও সময় : মে ১৫, ২০১৮; সকাল: ১১-০০ ঘটিকা।

১। উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্রঃ | কর্মকর্তার নাম | পদবী | দপ্তর/সংস্থা |
|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ আবু তালেব | পরিচালক (প্রকল্প) | জাতীয় সঞ্চয় অধিদপ্তর |
| ০২। | জনাব মোহাম্মদ আহসানুল হক | কমিশনার | কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর |
| ০৩। | ড. আব্দুর রহিম | প্রথম সচিব (কর প্রশাসন) | জাতীয় রাজস্ব বোর্ড |
| ০৪। | জনাব শেখ আবু ফয়সল মোঃ মুরাদ | অতিরিক্ত কমিশনার | কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর |
| ০৫। | জনাব গণেশ চন্দ্র মন্ডল | যুগ্ম কর কমিশনার | কর অঞ্চল খুলনা |
| ০৬। | জনাব মোঃ মাসুদ রানা | যুগ্ম কর কমিশনার | কর অঞ্চল-৪ চট্টগ্রাম |
| ০৭। | জনাব মোঃ নাঈমুর রসুল | যুগ্ম কর কমিশনার | কর অঞ্চল বরিশাল |
| ০৮। | জনাব মোঃ আশরাফুল ইসলাম | যুগ্ম কর কমিশনার | কর অঞ্চল রংপুর |
| ০৯। | নন্দিতা রানী সাহা | নির্বাহী প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর |
| ১০। | জনাব মোঃ আব্দুল আখের | সিনিয়র সহকারী প্রধান | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |
| ১১। | জনাব সৈয়দ রেজাউল মোর্শেদ | সহকারী প্রধান স্থপতি | স্থাপত্য অধিদপ্তর |
| ১২। | জনাব ইসরাত জাহান রুমা | উপ কমিশনার | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) |
| ১৩। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | উপ কমিশনার | কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর |
| ১৪। | জনাব এস এম গাউস-ই-নাজ | সহকারী কর কমিশনার | কর অঞ্চল বরিশাল |
| ১৫। | জনাব সালমান বিন কামাল | সহকারী স্থপতি | স্থাপত্য অধিদপ্তর |
| ১৬। | জনাব মোঃ আবুল হাশেম | দ্বিতীয় সচিব (শুল্ক প্রশাসন) | জাতীয় রাজস্ব বোর্ড |

২। আলোচনা ও সিদ্ধান্ত

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির আহবানে সিনিয়র সহকারী প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করে বলেন যে, বর্তমান ২০১৭-১৮ অর্থবছরের আরএডিপি'র অননুমোদিত প্রকল্প তালিকায় জাতীয় রাজস্ব বোর্ড এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি প্রণয়ন ও অনুমোদনের সার্বিক অগ্রগতি পর্যালোচনার জন্য অদ্যকার সভাটি আহ্বান করা হয়েছে। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী প্রকল্পভিত্তিক বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় ও নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রঃ | প্রকল্পের নাম | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১। | খুলনা করভবন নির্মাণ প্রকল্প | গত ১৭.০৯.২০১৭ তারিখে প্রকল্পের ওপর অনুষ্ঠিত যাচাই কমিটি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠিত করতে হবে। পরিবর্তিত সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি'তে প্রয়োজনীয় জনবলের সংস্থান রাখতে হবে। |
| ০২। | জামালপুর কাস্টম, এক্সাইজ ও ভ্যাট এর বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প | ক) প্রকল্পের ডিপিপি প্রস্তুতকরণের জন্য কমিশনার, কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) গণপূর্ত অধিদপ্তরকে জরুরীভিত্তিতে প্রত্র দিবেন।<br>খ) গণপূর্ত অধিদপ্তর পরবর্তি ১ (এক) মাসের মধ্যে প্রকল্পের ডিপিপি আইআরডি'তে প্রেরণ নিশ্চিত করবে। |
| ০৩। | টাঙ্গাইল কাস্টম এক্সাইজ ও ভ্যাট এর বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প | ক) প্রকল্পের ডিপিপি প্রস্তুতকরণের জন্য কমিশনার, কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) গণপূর্ত অধিদপ্তরকে জরুরীভিত্তিতে প্রত্র দিবেন।<br>খ) গণপূর্ত অধিদপ্তর পরবর্তি ১ (এক) মাসের মধ্যে প্রকল্পের ডিপিপি আইআরডি'তে প্রেরণ নিশ্চিত করবে। |
| ০৪। | চট্টগ্রাম কর ভবন নির্মাণ প্রকল্প | গণপূর্ত অধিদপ্তরের ২০১৮ সালের রেট সিডিউল অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি আগামী |

| ক্রঃ | প্রকল্পের নাম | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|
| | | ২২.০৫.২০১৮ তারিখের মধ্যে আইআরডি'তে প্রেরণ নিশ্চিত করবে। |
| ০৫। | যশোর কাস্টমস-এর বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত জনবলসহ প্রকল্পের ওপর গত ০১.০২.২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনের জন্য কমিশনার, কাস্টম, এক্সাইজ ও ভ্যাট, যশোর যুগপৎ গণপূর্ত অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তরকে পত্র দিবেন। |
| ০৬। | বরিশাল করভবন নির্মাণ প্রকল্প | প্রকল্পের ওপর গত ১৯.১১.২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি আগামী ০১.০৬.২০১৮ তারিখের মধ্যে আইআরডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে। |
| ০৭। | রংপুর কাস্টমস কমিশনারেট ভবন নির্মাণ প্রকল্প | আগামী ১ (এক) মাসের মধ্যে প্রকল্পের ডিপিপি আইআরডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে। |
| ০৮। | সাভার ও ধামরাই কাস্টমস এর বিভাগীয় দপ্তর নির্মাণ প্রকল্প | গত ১৭.০৯.২০১৭ তারিখে অনুষ্ঠিত প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি জরুরীভিত্তিতে আইআরডি'তে প্রেরণ করতে হবে। ডিপিপি'তে জনবলের সংস্থান রাখতে হবে। |
| ০৯। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্প | খসড়া ডিপিপি পুনর্গঠনের জন্য আইআরডি'র গত ১৯.০৩.২০১৮ তারিখে প্রেরিত পত্রের পর্যবেক্ষণ অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি আগামী ১৫.০৬.২০১৮ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। |
| ১০। | রংপুর কর ভবন নির্মাণ প্রকল্প | কী কারণে ২০০৬ সালে প্রণীত স্থাপত্য নকশার সংশোধন প্রয়োজন তা কর কমিশনার স্থাপত্য অধিদপ্তরকে লিখিতভাবে জানাবেন। স্থাপত্য অধিদপ্তর পরবর্তি ১ (এক) মাসের মধ্যে প্রয়োজনীয় নকশা প্রস্তুত করে প্রেরণ করবে। |

৩। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/= ১৭.০৫.২০১৮
(মোঃ আমিনুল বর চৌধুরী)
যুগ্ম-সচিব

নং ০৮.০০.০০০০.০৩৯.২৯.০১৫.১৩(অংশ-২) ২৬০ তারিখঃ ১৭.০৫.২০১৮ খ্রিঃ

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

০১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুণবাগীচা, ঢাকা (দৃঃ আঃ জনাব নন্দিতা রানী সাহা, নির্বাহী প্রকৌশলী)।
০২। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুণবাগীচা, ঢাকা (দৃঃ আঃ জনাব রেজাউল মোর্শেদ, সহকারী প্রধান স্থপতি)।
০৩। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুণবাগীচা, ঢাকা।
০৪। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, এনএসসি ভবন, মতিঝিল, ঢাকা।
০৫। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুণবাগীচা, ঢাকা।
০৬। কর কমিশনার, কর অঞ্চল-খুলনা।
০৭। কমিশনার, কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), মিরপুর, ঢাকা।
০৮। কর কমিশনার, কর অঞ্চল-১, চট্টগ্রাম।
০৯। কমিশনার, কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর।
১০। কর কমিশনার, বরিশাল কর অঞ্চল, বরিশাল।
১১। কমিশনার, কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।
১২। কর কমিশনার, রংপুর কর অঞ্চল, রংপুর।
১৩। জনাব শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের জন্য)

১৭/৫/১৮
(মোঃ আব্দুল আখের)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৫৪৪৮২